



মোঃ মাকরমজ্জামান

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

ওয়েব সাইট: [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)



## “প্রেস বিজ্ঞপ্তি”

### “জেটিতে গিয়ারলেস জাহাজের পণ্য খালাস শুরু করেছে মোংলা বন্দর”

১৯৫০ সালে মোংলা বন্দর প্রতিষ্ঠার ৭১ বছরের মধ্যে প্রথম বারের মতো ওশান ট্রেড লিমিটেডের পানামা পতাকাবাহী গিয়ারলেস (নিজস্ব ক্রেনবিহীন) জাহাজ “M V FILOTIMO” মোংলা বন্দরের ৯ নং জেটিতে নোঙ্গার করে। এই জাহাজটির দৈঘ্য ১৭২ মিটার, গভীরতা ৬.৯ মিটার এবং জাহাজটি ৪৮৬ টিউজ কন্টেইনার নিয়ে আগমন করে। মোংলা বন্দর কর্তৃপক্ষের ২টি মাল্টিপারপাস ক্রেন এবং ১ টি মোবাইল হারবার ক্রেনের মাধ্যমে ২৬৩ টি পণ্যবাহী কন্টেইনার জাহাজ হতে নামানো হয় এবং ৩৪৪ টি কন্টেইনার জাহাজে উঠানো হয়।

উল্লেখ্য যে, মোংলা বন্দর কর্তৃপক্ষ নিজস্ব সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সম্প্রতি ২টি মাল্টিপারপাস ক্রেন এবং ৪টি মোবাইল হারবার ক্রেন সংগ্রহ করেছে। এই অত্যাধুনিক মাল্টিপারপাস এবং মোবাইল হারবার ক্রেনের মাধ্যমে উল্লেখিত পরিমাণ আমদানী ও রপ্তানীকৃত পণ্য হ্যান্ডলিং কাজ যথাযথ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়। ইতোপূর্বে বন্দরে শুধুমাত্র নিজস্ব ক্রেনসংযুক্ত কন্টেইনার বহনকারী জাহাজ আগমন করত যার কন্টেইনার হ্যান্ডলিং প্রোডাক্টিভিটি ছিলো ঘন্টায় গড় ৮ টি কন্টেইনার। বন্দরে যুক্ত হওয়া জার্মানীর তৈরী এসকল ক্রেন দ্বারা “M V FILOTIMO” জাহাজ হতে সকল কন্টেইনার খালাস ও বোরাইকরণ কাজ ৩৯ ঘন্টায় সম্পাদন করা হয় যাতে প্রতি ঘন্টায় প্রোডাক্টিভিটি পাওয়া গেছে প্রায় ১৫ টি কন্টেইনার। মোংলা বন্দরে কন্টেইনারবাহী জাহাজ হ্যান্ডলিং এর ক্ষেত্রে ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে টার্ন এরাউন্ড টাইম ২.৫-৩ দিন ছিলো এর বিপরীতে উল্লেখিত জাহাজটির টার্ন এরাউন্ড টাইম ২ দিন হওয়ায় মোংলা বন্দর কর্তৃপক্ষ তথা সরকারের জন্য একটি নতুন মাইল ফলক স্পর্শ করল।

স্বাক্ষরিত-

উপসচিব